একসঙ্গে ৫ সমুদ্রে নজিরবিহীন যুদ্ধ মহড়া চীনের

চেম্বার ডেস্ক : একদিকে ভারতের ভূখণ্ডে চলছে চীনের দাপাদাপি। অন্যদিকে, তাইওয়ানের আকাশে মাঝেমধ্যেই ঢুকে পড়ছে চীনের যুদ্ধবিমান। এরই মধ্যে পানিপথেও সাম্রাজ্য বিস্তারের লক্ষ্যে নতুন মহড়া শুরু করল চীন। সোমবার নৌশক্তির চূড়ান্ত প্রদর্শন করলো দেশটি। একসঙ্গে পাঁচ সমুদ্রে সামরিক মহড়া চালাচ্ছে চীন। দুই মাসে এই নিয়ে পরপর দুবার বড়সড় আকারের মহড়া শুরু করল চীন।এর মধ্যে দুটি মহড়া চলছে দক্ষিণ চীন সাগরের কাছে প্যারাসেল আইল্যান্ডে। একটি চলছে ইস্ট চায়না সি -তে। এ ছাড়া বোহাই সাগরে চলছে আরও একটো মহড়া। ইয়েলো সি -র দক্ষিণ অংশে আরও একটি মহড়া চলছে বলে জানা গেছে। গধৎরঃরসব ঝধভবঃু অফসরহরংঃৎধঃরড়হ-এর ওয়েবসাইটে এই মহড়া শুরু করা হয়েছে।

যেখানে মহড়া চলছে ওইসব এলাকায় কোনো ধরনের জাহাজ ঢুকতে নিষেধ করা হয়েছে। চীনের জন্য সামরিক মহড়া কোনো নতুন ঘটনা নয়। তবে একই সঙ্গে এভাবে এতগুলো মহড়া আগে চালাতে দেখা যায়নি। গত মাসে এরকমই একটি মহড়া চালায় বেইজিং। সেখানে বোহাই সাগর, ওয়েলো সি, ইস্ট চায়না সি ও সাউথ চায়না সি -তে মহড়া চলে। অর্থাৎ একসঙ্গে ৪ টি মহড়া চালানো হয়েছিল সেবার।সম্প্রতি পরপর তিন দিন আকাশসীমা পেরিয়ে ঢোকার চেষ্টা করেছে চীন। তাই এবার গর্জে উঠল তাইওয়ান। চরম উস্কানিমূলক কাজ বলে উল্লেখ করেছে সেদেশের প্রশাসন। গত সপ্তাহে সোম, মঙ্গল, বুধ পরপর তিন দিন তাইওয়ানের আকাশসীমায় যুদ্ধবিমান পাঠিয়েছে চীন। আর তার জেরেই নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে সেখানে।
খবর কলকাতা টোয়েন্টিফোর।